



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-১ অধিশাখা

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৩.৯৯.০১৮.১৯-১৫৮৭

তারিখঃ ০৮ চৈত্র ১৪২৬  
২২ মার্চ ২০২০

বিষয়: করোনা ভাইরাসের সংক্রমণ রোধে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক মহামারী হিসাবে ঘোষিত করোনা ভাইরাসের সংক্রমণ রোধে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ জরুরি ভিত্তিতে গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

- কেন্দ্রীয়ভাবে ঢাকায় এবং সকল জেলা/উপজেলা পর্যায়ে জনসমাগম হয় এমন সম্ভাব্য স্থানে জনগণের হাত ধোয়ার স্পট তৈরীসহ প্রয়োজনীয় সাবান এবং হাত জীবানুমুক্ত করার জন্য স্যানিটাইজার রাখার কার্যক্রম গ্রহণ;
- 'করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে করণীয়' শীর্ষক প্রচারণা/ক্যাম্পেইনের কার্যক্রম গ্রহণ করতে হবে। তবে, প্রচারণা/ক্যাম্পেইন করার ক্ষেত্রে কোন ধরনের গণজমায়েত করা যাবে না;
- স্বাস্থ্য সেবা বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-সহ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থার সাথে সমন্বয়পূর্বক সরকারের সকল নির্দেশনা/বিজ্ঞপ্তি যথাযথ অনুসরণ করতে হবে;
- পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে তাঁর স্ব-স্ব কর্মস্থলে অবস্থান করতে হবে।

০২। বিষয়টি অতীব জরুরী।

*(Handwritten signature)*  
২২/০৩/২০২০

মোঃ খাইরুল ইসলাম  
যুগ্ম-সচিব  
ফোন : ৯৫৭৫৫৬২

প্রধান প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
কাকরাইল, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'লঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৪. অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
৫. মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৬. বিভাগীয় কমিশনার (সকল), ..... বিভাগ।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. জেলা প্রশাসক (সকল), ..... জেলা।
৯. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), ..... উপজেলা, ..... জেলা।
১১. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।